

পাখির সঙ্গে ধাক্কায় মাঝ আকাশে উড়োজাহাজের ইঞ্জিনে আগুন

- A Monitor Desk Report

Date: 03 March, 2025



নিউ জার্সি, যুক্তরাষ্ট্র : মাঝ আকাশে পাখির সঙ্গে ধাক্কা লাগতেই উড়োজাহাজের ইঞ্জিনে আগুন ধরে গেল। সেই অবস্থাতেই উড়োজাহাজটি উড়িয়ে নিয়ে চললেন পাইলট। শনিবার (মার্চ ১) এমনই দৃশ্য ধরা পড়েছে যুক্তরাষ্ট্রে।

জানা গেছে, সেটি ফেডএক্স-এর একটি পণ্যবাহী উড়োজাহাজ ছিল। শনিবার স্থানীয় সময় সকাল ৮টা নাগাদ বোয়িং ৭৬৭-৩এস৩এফ উড়োজাহাজটি নিউ জার্সির নেওয়ার্ক থেকে ইন্ডিয়ানাপোলিসে যাচ্ছিল। ওড়ার ঠিক কয়েক মিনিটের মধ্যেই উড়োজাহাজটির ইঞ্জিনের সঙ্গে ধাক্কা লাগে পাখির। আর তারপরই উড়োজাহাজের ডান দিকের ইঞ্জিনে আগুন ধরে যায়। ইঞ্জিন কাজ করাও বন্ধ করে দেয়।

মাঝ আকাশে উড়োজাহাজে আগুন ধরে যাওয়ায় বিপদ বুঝে নেওয়ার্ক আন্তর্জাতিক বিমানবন্দরের এয়ার ট্র্যাফিক কন্ট্রোলার সঙ্গে যোগাযোগ করেন পাইলট। উড়োজাহাজটিকে জরুরি অবতরণের জন্য অনুমতি চান। তারপর সেটিকে জরুরি ভিত্তিতে অবতরণ করানো হয়।

সংবাদমাধ্যমের প্রতিবেদন থেকে জানা গেছে, উড়োজাহাজটিতে পাইলট-সহ মোট তিনজন ছিলেন। তাদের সবাইকে অক্ষত অবস্থায় উদ্ধার করা হয়েছে।

উড়োজাহাজ সংস্থাটির দাবি, প্রাথমিকভাবে মনে করা হচ্ছে পাখির সঙ্গে ধাক্কা লাগার কারণেই আগুন ধরে যায়। তবে আসল কারণ কী তা তদন্ত করে দেখা হবে। তবে পাইলটের তৎপরতা এবং এয়ার ট্র্যাফিক কন্ট্রোলার দ্রুত পদক্ষেপের ফলেই বড় দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে বলে জানিয়েছে উড়োজাহাজ সংস্থাটি।

-B